গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
শিক্ষা মন্ত্রণালয়
সড়ক নং ১২/এ, বাড়ী নং ৪৪(২য় তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
www.pmedutrust.gov.bd

স্মারক নং- ৩৭.২৪.০০.০০০.৮৩.০৯৭.২০১৬-২০৭২

# নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ২৩ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে নিম্নবর্ণিত ৩য় শ্রেণির পদসমূহে অস্থায়ীভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রত্যেকটি পদের বিপরীতে পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের সকল জেলার স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | নাম/গ্রেড ও পদ সংখ্যা | বয়স | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৩) ১ (এক) | ১৮-৩০ বছর | ( বেতন স্কেল ১১০০০-২৬৫৯০) | ক) স্বীকৃত বোর্ড হতে স্নাতক ডিগ্রী পাস।<br>খ) বাংলা ও ইংরেজি শর্টহ্যান্ড প্রতি মিনিটে গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ।<br>গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং জানতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | হিসাব রক্ষক (গ্রেড-১৩) ১ (এক) | ১৮-৩০ বছর | (বেতন স্কেল ১১০০০-২৬৫৯০) | ক) স্বীকৃত বোর্ড হতে বানিজ্যে স্নাতক ডিগ্রী পাস।<br>খ) কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ২ (দুই) | ১৮-৩০ বছর | (বেতন স্কেল ৯৩০০-২২৪৯০) | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/ সমমান পাস।<br>খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ ডাটা এন্ট্রি ও টাইপিং জানতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ।<br>ঘ) ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। | |
| ৪. | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) ২ (দুই) | ১৮-৩০ বছর | (বেতন স্কেল ৯৩০০-২২৪৯০) | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/ সমমান পাস (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>গ) ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে দক্ষতা নিরুপন পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

শর্তাবলীঃ

১। সকল প্রার্থীকে নির্ধারিত (Prescribed) ফরমে আবেদন করতে হবে। আবেদনকারীগণকে আগামী ১২/০১/২০১৭ খ্রিঃ বিকেল ৫.০০ টার মধ্যে (শুধুমাত্র ডাকযোগে) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাড়ী নং ৪৪(২য় তলা), সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন পাঠাতে হবে।

২। বিলম্বে প্রাপ্ত আবেদপত্র গ্রহন করা হবে না।

৩। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ সীল) নিম্নবর্ণিত সনদপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।

খ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।

গ) প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট। চারিত্রিক সার্টিফিকেটের সত্যায়িত কপি গ্রহনযোগ্য নয়।

ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট।

ঙ) জন্ম নিবন্ধন সনদ/ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি।

চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ছ) প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

জ) এতিমখানা নিবাসী ও প্রতিবন্ধী প্রার্থীগনের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং উপজাতীয় প্রার্থির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট থেকে প্রাপ্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

ঝ) গ্রাম প্রতিরক্ষা দল ও আনসার বাহিনীর প্রার্থির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা জেলা আনসার এডজুটেন্ট কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

৪। প্রার্থীর বয়স ১২/০১/২০১৭ খ্রিঃ ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র বা কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডিভিট গ্রহনযোগ্য হবে না।

৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ১০০/- (একশত) টাকা, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাড়ী নং ৪৪(২য় তলা), সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ এর অনুকূলে জমার স্ব-পক্ষে ট্রেজারি চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে। বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংকের ট্রেজারি চালানের কোড নম্বরঃ

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৫ | ৩ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ০ | ৩ | ১ |

৬। খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং কোন কোটার প্রার্থী তা উল্লেখ করতে হবে।

৭। অসম্পূর্ন, ক্রটিপূর্ণ বা ভুল তথ্য প্রদান করলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৮। আবেদনপত্রের সাথে আবেদনকারীর ঠিকানা লিখিত ৫ (পাঁচ) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০”x৪.৫”) পৌছাতে হবে।

৯। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১১। উল্লিখিত পদ পূরণ করার ক্ষেত্রে সরকার ঘোষিত কোটা সুবিধাসহ প্রচলিত সকল সরকারি সর্বশেষ বিধান অনুসরণ করা হবে।

১২। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ, ডিএ দেওয়া হবে না।

১৩। শিক্ষা মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এর ওয়েবসাইট যথাক্রমে www.moedu.gov.bd এবং www.pmedutrust.gov.bd তে বিজ্ঞপ্তিটি সংযুক্ত নির্ধারিত (Prescribed) ফরম সহ পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট সমূহে প্রবেশপত্রের একটি নমুনা সংযুক্ত করা হয়েছে। প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে প্রবেশপত্রের দুই কপি পূরণপূর্বক দাখিল করতে হবে।

০৭/১২/১৬

(মোঃ আবুল ইসলাম)
উপ-পরিচালক (উপসচিব)
ও সদস্য সচিব
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের
৩য় শ্রেণির নিয়োগ সংক্রান্ত কমিটি।

# চাকরির আবেদন ফরম

**০১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | তারিখ: | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | |
| ৯. | পিতার নাম: | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | | | |
| | ডাকঘর: | | | | |
| | পোস্ট কোড নম্বর: | | | | |
| | উপজেলা: | | | | |
| | জেলা: | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): | | |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: | | |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ: | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

# প্রবেশপত্র

| ছবি (আঠা দিয়ে লাগাতে হবে) |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
শিক্ষা মন্ত্রণালয়
সড়ক নং ১২/এ, বাড়ী নং ৪৪(২য় তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
www.pmedutrust.gov.bd

**(অফিস কর্তৃক পূরণীয়)**

রোল নং-জেলা: .....................................

পরীক্ষা কেন্দ্রের নাম: .....................................

পরীক্ষার তারিখ: .....................................

পরীক্ষার সময়: .....................................

**(প্রার্থী কর্তৃক পূরণীয়)**

পদের নাম: ..........................................................

নাম: ..........................................................

পিতা/স্বামীর নাম: ..........................................................

বর্তমান ঠিকানা: ..........................................................

..........................................................

..........................................................

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।

২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেকট্রনিক্স জিনিষপত্র নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।

৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এটি পরবর্তী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে; নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

(মোঃ আবুল ইসলাম)
উপ-পরিচালক (উপসচিব)
ও সদস্য সচিব
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ৩য় শ্রেণির নিয়োগ সংক্রান্ত কমিটি

বিঃ দ্রঃ এই প্রবেশপত্রের **দুই কপি** আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।